তারবার্তা
বাংলা ব্যাংক
দূরালাপনী ঃ ৭১২৬১০১-২০
Website: www.bangladeshbank.org.bd
www.bangladesh-bank.org

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ঢাকা

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
(লাইসেন্স শাখা)

**ডিএফআইএম সার্কুলার নং- ০৭/২০১০** **তারিখঃ ২৮ জুন ২০১০**

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান ।

প্রিয় মহোদয়,

## আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান কার্যালয় সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ স্থাপন, সম্প্রসারণ ও স্থানান্তর সম্পর্কিত নীতিমালা ।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ৭(১) ধারার বিধান অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা বা অফিস স্থাপন ও স্থানান্তরের জন্য বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি আবশ্যক। এ লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ নতুন শাখা/অফিস স্থাপন ও স্থানান্তরের জন্য আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ এর ৭ ধারায় বর্ণিত নির্দেশনা মোতাবেক ফরম-৩ এ বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন করবে। এ বিষয়ে বর্তমানে অনুসৃত এফআইডি সার্কুলার ১১/২০০২ এ বর্ণিত নির্দেশাবলীকে অধিকতর প্রায়োগিক ও সময়োপযোগী করার লক্ষ্যে এতদ্বারা নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো ঃ-

**(ক) প্রধান কার্যালয় ও শাখা/বুথ সম্প্রসারণ ঃ**

১. প্রধান কার্যালয় সম্প্রসারণ যথাসম্ভব একই স্থাপনায় করতে হবে । কোন বিশেষ কারণে প্রধান কার্যালয়ের সম্প্রসারণ একই স্থাপনায় সম্ভব না হলে উক্ত সম্প্রসারণ নিকটতম দূরত্বে করতে হবে । তবে IT Backup/Data Centre, প্রশিক্ষণ ইনস্টিটিউট ও গোডাউন ব্যতীত এই সম্প্রসারণ দুইয়ের অধিক ভিন্ন স্থানে হবে না ।
২. সাধারণভাবে বুথ খোলাকে নিরুৎসাহিত করা হবে । বিশেষ যৌক্তিক কারণে বুথ খোলার অনুমোদন দেয়া হলেও ১টি শাখার আওতায় কোন অবস্থাতেই ২টির অধিক হবে না।
৩. শাখা/বুথ এর সম্প্রসারণ একই স্থাপনায় করতে হবে ।

**(খ) শাখা/বুথ স্থাপন ঃ**

১. আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ এর ৭ ধারায় বর্ণিত নির্দেশনা মোতাবেক ফরম-৩ বা নির্ধারিত ছক অনুযায়ী শাখা/বুথ স্থাপনের জন্য আবেদন করতে হবে ।
২. প্রস্তাবিত শাখা/বুথ এর কার্যক্রম আবেদনকারী প্রতিষ্ঠানের সংঘ-স্মারকে উল্লেখিত উদ্দেশ্যাবলী অনুযায়ী জনস্বার্থে পরিচালিত হতে হবে ।
৩. যে এলাকায় শাখা/বুথ স্থাপন করা হবে ঐ এলাকার ব্যবসায়িক ও অর্থনৈতিক কর্মকান্ডের বর্তমান ও ভবিষ্যত সম্ভাবনা শাখা/বুথ পরিচালনার জন্য উপযোগী হতে হবে এবং আয়-ব্যয়ের সম্ভাব্যতা মূল্যায়নে লাভজনক হতে হবে ।
৪. শাখা/বুথ স্থাপনে আবেদন বিবেচনার জন্য সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের নিম্নবর্ণিত তথ্যাদি পর্যালোচনা করা হবে ঃ

১) মূলধন পর্যাপ্ততাঃ প্রতিষ্ঠানটির মূলধন পর্যাপ্ততা থাকতে হবে এবং কোন মূলধন ঘাটতি থাকতে পারবে না। এক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের আইপিও ইস্যুর বিষয়ও বিবেচনা করা হবে।
২) উপার্জন ক্ষমতাঃ আবেদন করার পূর্ববর্তী ০৩ বছরে প্রতিষ্ঠানটির কর-পরবর্তী মুনাফা (নিরীক্ষিত) গ্রহণযোগ্য পর্যায়ে থাকতে হবে ।
৩) সম্পদের মানঃ আবেদনের তারিখ হতে পূর্ববর্তী ০১(এক) বছরে প্রেরিত শ্রেণীকরণ বিবরণী (ত্রৈমাসিক) অনুযায়ী ঋণ/লীজ সম্পদের শ্রেণীকরণের হার সাধারণভাবে ১০% এর অধিক হবে না এবং আবেদনকারী প্রতিষ্ঠানের কোন প্রভিশন ঘাটতি থাকতে পারবে না ।
৪) আর্থিক মূল্যায়নঃ সার্বিকভাবে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা গ্রহণযোগ্য হতে হবে ।
৫) অন্যান্যঃ আবেদনকারী প্রতিষ্ঠানের পরিচালকদের ঋণ তথ্য, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, ব্যবস্থাপনার দক্ষতা ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় গ্রহণযোগ্য/সন্তোষজনক বিবেচিত হতে হবে ।

**(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)**

৫. নতুন শাখা স্থাপনের অনুমোদনের জন্য ঢাকা ও ঢাকার বাইরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা সংখ্যার অনুপাত ২ঃ১ হতে হবে (অর্থাৎ কোন প্রতিষ্ঠানের ঢাকায় অবস্থিত ২টি শাখার বিপরীতে ১টি শাখা ঢাকার বাইরে থাকতে হবে) ।

৬. প্রস্তাবিত নতুন শাখার ব্যবস্থাপক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অবশ্যই আর্থিক প্রতিষ্ঠান/ব্যাংক/বীমা অথবা অন্য কোন ঋণপ্রদানকারী সংস্থা বা প্রতিষ্ঠানে ০৩(তিন) বছরের বাস্তব কর্মঅভিজ্ঞতা থাকতে হবে ।

৭. আর্থিক প্রতিষ্ঠানের বিদ্যমান কোন একটি শাখার অধীনে এবং উক্ত শাখার আওতাধীন এলাকায় এসএমই, কৃষি ও নারী উদ্যোক্তাদের ঋণ/লীজ সহায়তা ও প্রাধিকার খাতে ঋণ/লীজ প্রদান, বিতরণকৃত ঋণ/লীজের কিস্তি আদায় এবং অন্যান্য বিশেষায়িত সেবা প্রদান সংক্রান্ত কার্যাদি সম্পাদনে বুথ স্থাপন করা যাবে ।

৮. যে শাখার অধীনে বুথ স্থাপন করা হবে উক্ত শাখার ব্যবস্থাপকই বুথ পরিচালনার দায়িত্বে থাকবেন ।

৯. বুথের সকল (মূল) নথিপত্র শাখায় সংরক্ষণ করতে হবে ।

১০ কোন শাখার কার্যক্রম ০১(এক) বছর অতিবাহিত না হওয়া পর্যন্ত উক্ত শাখার আওতায় কোন বুথ খোলা যাবে না ।

**(গ) প্রধান কার্যালয় সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ এর স্থাপন, সম্প্রসারণ ও স্থানান্তরের অন্যান্য বিবেচ্য বিষয়সমূহ ঃ**

১. প্রধান কার্যালয় সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ স্থাপন, সম্প্রসারণ ও স্থানান্তরের যৌক্তিকতা প্রদর্শন করতে হবে।
২. প্রধান কার্যালয় সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ স্থাপন, সম্প্রসারণ ও স্থানান্তরের ক্ষেত্রে ভাড়াকৃত ভবনের মালিকানার সাথে আবেদনকারী আর্থিক প্রতিষ্ঠানটির কোন পরিচালকের/প্রধান নির্বাহীর স্বার্থ-সংশ্লিষ্টতা থাকতে পারবে না ।
৩. প্রধান কার্যালয় সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ স্থাপন, সম্প্রসারণ ও স্থানান্তরের জন্য প্রস্তাবিত ভবনের ভাড়া বাজার ভিত্তিক হতে হবে ।
৪. প্রধান কার্যালয় সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ স্থাপন, সম্প্রসারণ ও স্থানান্তরের ক্ষেত্রে ব্যয় সীমিত পর্যায়ে থাকতে হবে ।
৫. প্রধান কার্যালয় সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ স্থাপন, সম্প্রসারণ ও স্থানান্তরের অনাপত্তি প্রদানের পূর্বে প্রয়োজনবোধে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত তথ্য/উপাত্তের সঠিকতা সরেজমিনে যাচাই করা হবে।
৬. আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা ৭(১) অনুযায়ী বাংলাদেশের বাইরে শাখা খোলার ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের বিধি-বিধান পরিপালন সাপেক্ষে অত্র নীতিমালার সংশ্লিষ্ট বিধানসমূহ প্রযোজ্য হবে ।
৭. নতুন শাখা/বুথ স্থাপনের নীতিগত অনুমোদন দেয়ার ০৩(তিন) মাসের মধ্যে এবং স্থানান্তরের ক্ষেত্রে ০৬(ছয়) মাসের মধ্যে অনুমতিপত্র/লাইসেন্স গ্রহণ করতে হবে । অন্যথায় অনুমোদন বাতিল বলে গণ্য হবে।
৮. প্রধান কার্যালয় সম্প্রসারণ/স্থানান্তর এবং শাখা/বুথ স্থাপন, সম্প্রসারণ ও স্থানান্তরের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

ব্যাখ্যা ঃ **'শাখা'** বলতে শাখা বা অফিস এবং **'বুথ'** বলতে বুথ, কেন্দ্র বা অন্য যে নামেই অভিহিত করা হোক, বুঝাবে ।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারার ক্ষমতাবলে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শফিকুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৯৫৬